কালীগঞ্জে মায়ের মৃত্যুর এক সপ্তাহ পরে করোনা আক্রান্ত হয়ে মেয়ের মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে মায়ের মৃত্যুর এক সপ্তাহ পর করোনায় আক্রান্ত হয়ে সালমা আক্তার মুন্নি (৩০) নামের এক যুবতীর মৃত্যু হয়েছে।

মঙ্গলবার সকালে রাজধানীল কুর্মিটোলা হাসপাতালের চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মুন্নি কালীগঞ্জ উপজেলার ঝনঝনিয়া গ্রামের হামিদ বিশ্বাসের মেয়ে। মুন্নি যশোর মহিলা কলেজ থেকে মাস্টার্স শেষ করে চাকুরীর জন্য পড়াশোনা করছিল।

মুন্নির ভাই রিফাত হোসেন জানান, ২০ দিন আগে শ্বাসকষ্ট শুরু হয় মুন্নির। গত সপ্তাহে তাকে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে তার শারিরীক অবস্থার অবনতি হলে ঢাকায় রেফার্ড করে চিকিৎসক। যশোর থেকে মুন্নিকে রাজধানীর কুর্মিটোলা হাসপাতালে নিয়ে ভর্তি করা হয়। সেখানে করোনা চেকআপ করালে তার করোনা পজেটিভ আসে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার সকাল সাড়ে ৮টার দিকে তার মৃত্যু হয়।

তিনি আরো জানান, গত মঙ্গলবার তার মা শাহিনা আক্তার মারা যান। তার মায়ের করোনা উপসর্গ ছিল কিন্তু করোনা টেস্ট করানো হয়নি। তিনি সম্ভবত হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন বলেও জানান তিনি।

বিষয়টি নিশ্চিত করে কালীগঞ্জের কাস্টভাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান আইয়ুব হোসেন বলেন, মুন্নির লাশ ঢাকা থেকে গ্রামে আনা হচ্ছে।

শীতলক্ষ্যায় লঞ্চডুবি: নিহতের

সংখ্যা বেড়ে ৩৫

নারায়ণগঞ্জের শীতলক্ষ্যায় যাত্রীবাহী লঞ্চডুবির ঘটনায় ভাসমান অবস্থায় আরও পাঁচজনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এ নিয়ে মোট ৩৫ জনের মরদেহ উদ্ধার করা হয়।

মঙ্গলবার সকালে কয়লাঘাট এলাকা থেকে তাদের ভাসমান মরদেহ উদ্ধার করা হয়।

এর আগে সোমবার পর্যন্ত ২৯ মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে। সরকারের পক্ষ থেকে নিহতদের পরিবারকে ২৫ হাজার টাকা করে প্রদান করা হয়েছে।

লঞ্চডুবির ঘটনায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট খাদিজা তাহেরী ববিকে প্রধান করে সাত সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে জেলা প্রশাসন। কমিটিকে পাঁচ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

এ ছাড়া বিআইডব্লিউটিএর নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগের পরিচালক রফিকুল ইসলামকে প্রধান করে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে পাঁচ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। নৌপরিবহন মন্ত্রণালয়ও একটি তদন্ত কমিটি গঠন করেছে।

রোববার সন্ধ্যা সোয়া ৬টার দিকে নারায়ণগঞ্জ কয়লাঘাট এলাকায় কার্গো জাহাজের ধাক্কায় অর্ধশতাধিক যাত্রী নিয়ে সাবিত আল হাসান নামে যাত্রীবাহী লঞ্চটি ডুবে যায়। সোমবার দুপুর ১২টায় লঞ্চটি উদ্ধারের পর সোয়া ১টায় উদ্ধার অভিযান সমাপ্ত ঘোষণা করেন বিআইডব্লিটিএর চেয়ারম্যান কমোডর গোলাম সাদেক।

আলমডাঙ্গায় লকডাউনের নির্দেশনা

[redacted]

[redacted]
[redacted]
[redacted]

আমি তাদের বলেছি, সরকারের দেওয়া নির্দেশনা কখনো বিক্ষোভ করে অমান্য করা যাবে না। আপনাদের যদি কোনো দাবি থাকে সেজন্য আপনারা জেলা প্রশাসক বরাবর আবেদন করতে পারেন। ব্যবসায়ী সমিতির নেতাদের সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলবো।
এ বিষয়ে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা পুলক কুমার মন্ডল বলেন, করোনা সংক্রমণরোধে লকডাউন সরকারি সিদ্ধান্ত এবং এটি সারা দেশের জন্যই। আলমডাঙ্গার জন্য আলাদা কোন সিদ্ধান্ত নেই।
তিনি বলেন, ব্যবসায়ী ও তাদের নেতাদের সঙ্গে কথা বলেছি। সরকারি নির্দেশনা তাদের মেনে চলার অনুরোধ করেছি। তা না হলে আমাদের আইনানুগ ব্যবস্থা নিতে হবে।

দামুড়হুদায় বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা

করোনা দ্বিতীয় ঢেউ মোকাবেলায় দামুড়হুদার বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়ে জরিমানা করা হয়েছে।
গতকাল সোমবার দিনব্যাপী পৃথক স্থানে অভিযান পরিচালনা করেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক নির্বাহী ম্যাজিস্টেট্র ও উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।
জানাযায়, জেলা প্রশাসকের নির্দেশনায় করোনা ভাইরাস মোকাবেলায় দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজার, দর্শনা, ডুগডুগি পশুহাট সহ বিভিন্ন স্থানে অভিযান করেন। এসময় পৃথক আইনে অভিযুক্ত ৭জনকে বিভিন্ন অপরাধে ৩ হাজার ৭’শ টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমাণ আদালত।
উল্লেখ্য, কার্পাসডাঙ্গা বাজার, দর্শনা, দামুড়হুদা বাজার, ডুগডুগি পশুহাট সব জায়গায় অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।
এ সময় তিনি বলেন, জেলা প্রশাসক স্যারের নির্দেশে পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত পশু হাট বন্ধ থাকবে। বিভিন্ন বাজার কমিটির সভাপতিকে সরকারি নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের নির্দেশনা দেওয়া হয়। এ সংক্রান্ত মাইকিং চলমান রয়েছে। সরকারী নির্দেশনা বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ করা হলো।

আদালতে সহযোগিতা করেন উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলি, দামুড়হুদা ও দর্শনা থানা পুলিশের সদস্যরা।

কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযান

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে সরকারি নির্দেশনায় লকডাউন ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে মাঠে নেমেছে উপজেলা প্রশাসন। এসময় সচেতনতার পাশাপাশি সরকারি আদেশ অমান্য ও স্বাস্থ্যবিধি না মানায় জরিমানা আদায় করা হয়।
গতকাল সোমবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে সামাজিক সচেতনতা বৃদ্ধি ও নির্দেশ অমান্য করায় সাড়ে ১২’শ টাকা জরিমানা আদায় করেন।
বিষয়টি নিশ্চিত করে নির্বাহী অফিসার জানান, কোভিড-১৯ করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে স্বাস্থ্যবিধি মানা ও জনসমাগমের দুরুত্ব বজায় এবং ব্যবসায়ী সহ সকল জন-সাধারণের লকডাউন মেনে চলতে এই ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়েছে।
সেই সাথে জনসাধারণকে বিনা প্রয়োজনে বাড়ি থেকে বের না হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। ভবিষ্যতে এ ধরনের অভিযান অব্যহত থাকবে বলে জানান তিনি।

আলমডাঙ্গায় কৃষককে মারপিট করে হত্যার অভিযোগ

আলমডাঙ্গায় কচু ক্ষেতে ছাগল যাওয়াকে কেন্দ্র করে কৃষককে মারপিট করে হত্যার অভিযোগ উঠেছে।

আলমডাঙ্গার ভোদুয়ায় বাদল শাহকে মন্ডলি প্রদান

আলমডাঙ্গার ভোদুয়ায় গ্রাম্য মন্ডলি ও পাগড়ি প্রদান অনুষ্ঠিত হয়েছে।
গতকাল সোমবার দুপুর ১ টার দিকে জামজামি ইউনিয়নের ভোদুয়া গ্রামের বাদল শাহ’কে পাগড়ি পড়িয়ে গ্রাম্য মন্ডলি প্রধানের দায়িত্ব প্রদান করা হয়।
এ সময় জামজামি ইউনিয়নের ভোদুয়া গ্রামের ২৩ জন গ্রাম প্রধানের উপস্থিতির মাধ্যমে আনুষ্ঠানিক ভাবে ভোদুয়া গ্রামের প্রধান আলী আকবর কয়েল শাহ তাকে এ দায়িত্ব প্রদান করেন।
মন্ডলি প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মোঃ তাহের আলী শাহ, মোঃ জয়নাল আবেদীন বাবলু চৌধুরী, হাজি মোঃ আবু তাহের আলতাফ হোসেন, লিয়াকত মাস্টার প্রমুখ।

কালীগঞ্জে লকডাউনের প্রতিবাদে সড়ক অবরোধ ব্যবসায়ীদের

ঝিনাইদহের কালীগঞ্জে লকডাউনের বিরুদ্ধে ও ব্যবসা প্রতিষ্ঠান খুলে দেওয়ার দাবিতে সড়ক অবরোধ ও বিক্ষোভ মিছিল করেছেন স্থানীয় ব্যবসায়ীরা।
লকডাউনের প্রথম দিন গতকাল সোমবার দুপুর সাড়ে ১২ টার দিকে ঝিনাইদহের কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এলাকায় সড়ক অবরোধ করে তারা। এসময় প্রায় দেড়ঘন্টা সড়কের উপর বসে অবরোধ করেন ব্যবসায়ীরা।
এর কিছুক্ষণ পর কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমানের সাথে ব্যবসায়ী নেতারা আলোচনা করে দুপুর দুইটার দিকে সড়ক অবরোধ

প্রত্যাহার করে। এরপর যান চলাচল স্বাভাবিক হয়।
এরপর সড়ক অবরোধ শেষে অবিলম্বে লকডাউন প্রত্যাহার দাবিতে ব্যবসায়ীরা শহরে বিক্ষোভ মিছিল বের করেন। মিছিল প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেইন বাসস্ট্যান্ড এলাকায় এসে শেষ হয়। মিছিলে লকডাউন প্রত্যাহারের দাবিতে অবৈধ লকডাউন মানি না সহ বিভিন্ন শ্লোগান দেন ব্যবসায়ীরা।
এ সময় বক্তব্য রাখেন কালীগঞ্জ উপজেলা ব্যবসায়ী মালিক সমিতির যুগ্ম আহবায়ক ইনদাদুল হক ইনতা, মো: আব্দুল হান্নান, জহুরুল হক বিপ্লব, আক্তার হোসেন প্রমুখ।
বক্তারা বলেন, সারাবছর তেমন বেচাকেনা থাকে না ব্যবসায়ীদের। ঈদেই একটু ভালো বেচাকেনা হয়। এর আগের ঈদেও ব্যবসায়ীরা লকডাউনে ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়। তারা স্বাস্থ্যবিধি মেনে ব্যবসা পরিচালনা করতে চান। অবিলম্বে লকডাউন প্রত্যাহার করে ব্যবসা প্রতিষ্ঠান খুলে দেওয়ার দাবি জানান তারা।
কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, কিছুক্ষণ ব্যবসায়ীরা সড়ক অবরোধ করে। এরপর তারা তাদের অবরোধ প্রত্যাহার করেছে।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান

চুয়াডাঙ্গা সদরের ভালাইপুর মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালিয়েছেন। অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান।
গতকাল সোমবার বেলা সাড়ে ১২ টার সময় চুয়াডাঙ্গা সদরের ভালাইপুর মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করেন।
এসময় তিনি বলেন, সরকারের সকল নির্দেশনা মেনে চলতে হবে এবং প্রয়োজন ছাড়া ঘরের বাহিরে বের হওয়া যাবেনা এবং সকলকে মাস্ক পরিধান করতে হবে।
মাস্ক পরিধান না করা এবং স্বাস্থ্য বিধি না মানার অপরাধে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নিমূল) আইন, ২০১৮ এর ২৪

(১)ধারায় ৪টি মামলায় ৪ জন কে ১,৯০০/- অর্থদন্ড প্রদান করেন। বাস কাউন্টারগুলো যাতে বেশি ভাড়া আদায় না করে তার জন্য সতর্ক করে দেন এবং জনগণের মাঝে মাস্ক বিতরণ করেন।
ভ্রাম্যমাণ আদালতকে সার্বিকভাবে সহযোগিতায় করেন মোঃ সোবহান আলী, পেশকার, মোবাইল কোর্ট ও অফিস সহায়ক মোঃ আরমান আলী এবং গোকুলখালী ফাঁড়ি পুলিশের চৌকস দল। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ সাদিকুর রহমান জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় মুরগি ব্যবসায়ী নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজার থেকে পাখি ভ্যানে বাড়ি যাবার পথে রাজা (২৫) নামের এক মুরগি ব্যবসায়ী নিহত হয়েছেন। রাজা গাংনী উপজেলার মহেশপুর গ্রামের তরিকুল ইসলামের ছেলে। আজ সোমবার সন্ধ্যায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত রাজার পারিবারিক সূত্রে জানা গেছে , রাজা প্রতিদিনের ন্যায় ব্যবসা শেষে নিজের পাখি ভ্যান নিয়ে সন্ধ্যায় বাড়ি ফিরছিলেন ।

মহেশপুরের মাঝামাঝি স্থানে পৌঁছালে মাটি ভর্তি একটি ট্রলি ধাক্কা দিলে রাজা ছিটকে পড়ে যায়। এসময় সে মারাত্মক আহত হন।

স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক রাজাকে দেখে মৃত্যু খবর নিশ্চিত করেন।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান এ ঘটনায় ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।